



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-২০/১১/২০২০খ্রিঃ


প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের হারাগাছ থানা পুলিশ কর্তৃক ৬,০০,০০০/- (ছয় লক্ষ) পিস নকল সাদৃশ্য ব্যান্ডরোল উদ্ধারসহ ০৩ জন আসামী গ্রেফতার



অদ্য ২০/১১/২০২০ খ্রিঃ গোপন সংবাদের ভিত্তিতে রংপুর মেট্রোপলিটন হারাগাছ থানা পুলিশ কর্তৃক উক্ত থানাধীন নিউ সাহেবগঞ্জ গ্রামস্থ জনৈক মনজুদার রহমান এর আলুর গোড়াউনের সামনে সাহেবগঞ্জ হতে চিলমন গামী পাকা রাস্তার উপর থেকে ১। একটি বড় বাউলি যাহা বাঁশ কাগজ দ্বারা মোড়ানো পাটের সূতলী দ্বারা বাঁধা ৫,০০০/-পাতা জাল ব্যান্ডরোল (প্রতিটি পাতায় ১২০টি করে ৫০০০×১২০= ৬,০০,০০০ পিস, প্রতি পিসের মূল্য ৯.৭১ টাকা ৬,০০,০০০×৯.৭১=৫৮,২৬,০০০/-আটাল্ল লক্ষ ছাব্বিশ হাজার টাকা), ২। ০১টি ব্যাটারী চালীত চার্জার রিক্সা (যাহার মূল্য অনুমান ৩০,০০০/-ত্রিশ হাজার টাকা), ৩। ০১টি বাটন যুক্ত IteI it5231 মোবাইল ফোন (যাতে সীম নং-০১৭৩১-৪৩২৭৯১, ০১৯৩৪-৪২১২৮১, IMEI 1:352651086211822, IMEI 2:352651086211830, মূল্য ৫০০/-পাঁচশত টাকা), ৪। খাকি কভার কাগজ, ৫। শুতলী ০৮ পিস (প্রতিটির দৈর্ঘ্য ৪.৫ হাত) এবং ৬। ১টি স্টাম্প প্লেট (নকল/জাল ব্যান্ডরোল তৈরীর ফর্মা), যার দৈর্ঘ্য ২৫.৫(পঁচিশ দশমিক পাঁচ) ইঞ্চি, প্রস্থ ২২.৫ (বাইশ দশমিক পাঁচ) ইঞ্চি, উক্ত সিটে ইংরেজীতে North Bengal C.T.P-Mobile-01309-002264. যার মূল্য অনুমান (৭০০/-সাতশত টাকা) ক্রয়-বিক্রয়ের উদ্দেশ্যে নিজ হেফাজতে রাখার অপরাধে আসামী ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীরা হলো-১. মোঃ আতিকুল ইসলাম (৫২), পিতা- মৃত জফুর উদ্দিন, স্থায়ী : গ্রাম- বাহার কাছনা (মজিদ মার্কেট) , থানা- হারাগাছ, ২. তৌফিক আহমেদ তপু (২৮), পিতা- এসএম কামাল, স্থায়ী : গ্রাম- উত্তম (উত্তম হাইস্কুলের পিছনে) , থানা- হাজীরহাট, ৩. মোঃ মমিনুল ইসলাম (২৪), পিতা- মোঃ নুরু মিয়া, স্থায়ী : গ্রাম- বানুপাড়া (ঈদগাহ মাঠ সংলগ্ন) , থানা- হারাগাছ, সর্ব মহানগর, রংপুর-কে গ্রেফতার করা হয় এবং গ্রেফতারকৃত আসামীসহ পলাতক আসামী মোঃ রবিউল ইসলাম রুবেল (৩০), পিতা- মোঃ সিরাজুল ইসলাম স্থায়ী : গ্রাম- রামগোবিন্দ (বালাটারী) , থানা- হারাগাছ, মহানগর, রংপুর এবং অজ্ঞাতনামা আসামী মোঃ ফারুক হোসেন (৩৫) (মোবাইল-০১৭২৩-৫৮৮৭৯৪), পিতা- অজ্ঞাত, সাং-অজ্ঞাত, থানা-হারাগাছ, মহানগর, রংপুরসহ আরো অজ্ঞাতনামা ২/৩ জনের বিরুদ্ধে হারাগাছ থানায় ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইন এর ২৫A/(A)(B)(C) ধারায় মামলা দায়ের করা হয়।



২০.১১.২০২০

(উত্তম প্রসাদ পাঠক)

অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার

(ডিবি এন্ড মিডিয়া)

পক্ষে/পুলিশ কমিশনার

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর

মোবাইল-০১৭২০-০৭৩৬৬১